

Bankura University

BA 1<sup>st</sup> Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: উনিশ শতকের বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়

Course ID: 10119

Course Code: ACPBNG-103C-MIL-1

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) “মিছা কেন কুল নিয়া কর আঁটাআঁটি।” – কার লেখা কোন কবিতার অংশ ?

খ) ঈশ্বর গুপ্ত মাতৃভাষাকে কিসের সঙ্গে তুলনা করেছেন ?

গ) ‘কথোপকথন’ গ্রন্থে ‘চাকর ভাড়াকরণ’ অংশে উল্লিখিত খানসামার নাম কী? তার বাড়ি কোথায় ?

ঘ) ‘কথোপকথন’ গ্রন্থে ‘কথোপকথন’ নামক অংশে বিবাহ প্রসঙ্গে কত টাকা পণের কথা বলা হয়েছে ? এই বিবাহের ঘটনাকাল কে করেছিল ?

ঙ) “নাতনি আর বলিস নে – বুক ফেটে যায়!”—বক্তা কে ? নাতনি কাকে বলা হয়েছে ?

চ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকে কুলপালকের কন্যাদের নাম লেখো।

ছ) ‘রাজপুত-জীবনসন্ধ্যা’ উপন্যাসের সূচনা অংশের সংস্কৃত শ্লোকটি কোন গ্রন্থ থেকে গৃহীত ? এই উপন্যাসের ঘটনাকাল কোন সময়ের ?

জ) ‘আহেরিয়া’ কী ? এই দিন রাজপুত যোদ্ধারা কী করেন ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) “এ দেশের কুলধর্ম করহ সংহার।”—‘কৌলিন্য’ কবিতা অবলম্বনে কবির সমাজচেতনার পরিচয় দাও।

খ) ‘কথোপকথন’ গ্রন্থে ‘ভূমির কথা’ পরিচ্ছেদটির পরিচয় দাও।

গ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকে কুলপালকের চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) “বর্বর ভীলদিগের চরিত্রের দুইটি অসাধারণ গুণ লক্ষিত হয়।” --‘রাজপুত-জীবনসন্ধ্যা’ উপন্যাসে এই গুণগুলি কীভাবে প্রকাশিত হয়েছে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) ‘স্বদেশ’ কবিতা অবলম্বনে ঈশ্বর গুপ্তের স্বদেশ প্রীতির পরিচয় দাও।

খ) ‘কথোপকথন’ গ্রন্থে তৎকালীন কৃষিজীবী ও শ্রমজীবী মানুষের যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো।

গ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকে নাট্যকারের সমাজচেতনা সম্পর্কে আলোচনা করো।

ঘ) ‘রাজপুত-জীবনসন্ধ্যা’ উপন্যাসের তেজসিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।